প্রেস রিলিজ
১৭ সেপ্টেম্বর ২০২৫

# কোয়ালিটি এডুকেশনের নতুন দিগন্ত উন্মোচন করেছে বাউবি : উপাচার্য




বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ের (বাউবি) ঢাকা আঞ্চলিক কেন্দ্রে আজ (১৭ সেপ্টেম্বর ২০২৫) বিভিন্ন প্রোগ্রামের সমন্বয়কারীদের সঙ্গে প্রমোশনাল কার্যক্রম বিষয়ে এক মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়।

সভায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন, বিশ্ববিদ্যালয়ের মাননীয় উপাচার্য অধ্যাপক ড. এ বি এম ওবায়দুল ইসলাম। "গত এক বছরে বাউবির শিক্ষার গুণগতমানে অনেক ইতিবাচক পরিবর্তন এসেছে—বাউবি কোয়ালিটি এডুকেশন নিশ্চিত করছে। তিনি আরও বলেন, বাউবির পরীক্ষায় নকলমুক্ত পরিবেশ বজায় রাখতে সকলের সহযোগিতা অপরিহার্য। এখানে বয়স বা পেশা নির্বিশেষে নারী-পুরুষ সকলের জন্য পড়াশোনার সুযোগ রয়েছে। তাই প্রমোশনাল কার্যক্রম আরও বেগবান করতে হবে। এ ক্ষেত্রে বাউবি পরিবারের পাশাপাশি অন্যান্য শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষক-শিক্ষার্থীদেরও সক্রিয় সহযোগিতা প্রয়োজন। মতবিনিময় সভায় বিভিন্ন প্রোগ্রামের সমন্বয়কারী/প্রতিনিধিদের উদ্দেশ্যে উপাচার্য এসব কথা বলেন"। এছাড়াও উপাচার্য প্রমোশনাল কার্যক্রমের অংশ হিসেবে প্রচার কার্যক্রম বেগবান করার লক্ষ্যে আগত শিক্ষক-শিক্ষিকাদের হাতে লিফলেট তুলে দেন।

বাউবির বিভিন্ন প্রোগ্রাম সম্পর্কে ব্যপক প্রচারের লক্ষ্যে অনুষ্ঠিত প্রমোশনাল কার্যক্রম সম্পর্কিত মতবিনিময় সভায় বিশ্ববিদ্যালয়ের ঢাকা আঞ্চলিক কেন্দ্রের আঞ্চলিক পরিচালক জনাব টিএম আহমেদ হুসেইনের সভাপতিত্ব করেন। এ সময় উপাচার্যের একান্ত সচিব ও যুগ্ম-পরিচালক জনাব মোঃ নাসির উদ্দীন, যুগ্ম-আঞ্চলিক পরিচালক জনাব মোঃ শাহা আলম সরকার, যুগ্ম-আঞ্চলিক পরিচালক জনাব মোহাম্মদ মাহমুদুল আমিন এবং ঢাকা আঞ্চলিক কেন্দ্রের অন্যান্য কর্মকর্তাগণ এবং ঢাকা আঞ্চলিক কেন্দ্রাধীন উপ-আঞ্চলিক কেন্দ্রসমূহের প্রধানগণ উপস্থিত ছিলেন। ঢাকা আঞ্চলিক কেন্দ্র ও আঞ্চলিক কেন্দ্রাধীন উপ-আঞ্চলিক কেন্দ্রসমূহের আওতাধীন বিভিন্ন প্রোগ্রামের স্টাডি সেন্টারের সমন্বয়কারী/প্রতিনিধিরা এ মতবিনিময় সভায় অংশগ্রহণ করেন।

মো: খালেকুজ্জামান খান
পরিচালক (ভারপ্রাপ্ত)
মোবাইলঃ ০১৭১১২০৭৬৯৮